

(প্রেস বিজ্ঞপ্তি)

১৯ অক্টোবর ২০২২ খ্রি.

চসিকের পবিত্র ঈদে মিলাদুল্লাহী (সা.) উদযাপন অনুষ্ঠানে মেয়র  
মহানবী (সা.) এর শান্তি, মিলন ভ্রাতৃত্বের জীবনাদর্শই হোক  
আমাদের চলার একমাত্র পাথেয়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন মহানবী (সা.) সর্বযুগের সর্বশ্রেষ্ঠ মহান রসূল। মহান আল্লাহ তাঁকে রহমাতাঞ্জলিল আল-আমিন বা সমস্ত সৃষ্টি জগতের রহমত স্বরূপ দুনিয়াতে পাঠান। এজন্য হযরত মুহাম্মদ (সা.) দুনিয়ায় আগমনের দিনটি সৃষ্টি জগতের জন্য সর্বশ্রেষ্ঠ আনন্দের দিন। নবী করিম (সা.) বিশ্বমানবতার প্রতীক ও সত্য সুন্দরের বাণী বাহক। তাঁর কারণেই আরব জাহানে নবজীবন সঞ্চারিত হয়, নবীন সভ্যতার গোড়া পত্তন ঘটে। মহানবী (সা.) এ শান্তি মিলন ভ্রাতৃত্বের জীবনাদর্শই হোক আমাদের জীবনের পাথেয়। আজ বুধবার সকালে নগরীর একটি কমিউনিটি সেন্টারে চসিকের উদ্যোগে পবিত্র ঈদে মিলাদুল্লাহী (সা.) উদযাপন উপলক্ষে খতমে কোরআন, বোখারী শরিফ, মিলাদ ও বিশেষ মুনাযাত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় আরো বক্তব্য রাখেন- প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, সমাজ সেবা স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর আবদুস সালাম মাসুম, ড. নিছার উদ্দিন আহমদ মঞ্জু, গাজী শফিউল আজিম, মো.নুরুল আমল, আতাউল্লাহ চৌধুরী, শৈবাল দাশ সমুন। উপস্থিত ছিলেন-সচিব খালেদ মাহমুদ, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, শিক্ষা কর্মকর্তা লুৎফুল নাহার, উপসচিব আশেক রসূল চৌধুরী টিপু প্রমুখ।

এতে আমন্ত্রিত অতিথি সাউদার্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আল্লামা সৈয়দ মো. জালাল উদ্দীন আল-আযহারী বোখারী শরিফের ফজিলতের উপর বক্তব্য প্রদান করেন। মিলাদ পরিচালনা করেন চসিক মাদ্রাসা পরিদর্শক মাওলানা মোহাম্মদ হারুনুর রশিদ চৌধুরী, মুনাযাত পরিচালনা করেন এশিয়া খ্যাত দ্বীন শিক্ষা প্রতিষ্ঠান জামিয়া আহমদিয়া সুন্নীয়া আলীয়া মাদ্রাসার শাইখুল হাদিস আল্লামা হাফেজ মোহাম্মদ সোলাইমান আনসারী (ম.জি.আ.)।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩